

তারিখ ১১ ... ১১ ... ১১ ...  
পৃষ্ঠা (২) ফলাফল ...

**প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন  
আগামীকাল থেকে শুরু হচ্ছে  
স্কুলের পাঠ্যবই বিতরণ**

স্টাফ রিপোর্টার : আগামীকাল (মঙ্গলবার) নতুন শিক্ষাবর্ষের প্রথম দিনেই প্রাথমিক স্কুলের বিনামূল্যের বই এবং মাধ্যমিক স্কুলের নতুন পাঠ্যবই আনুষ্ঠানিকভাবে বিতরণ ও বাজারজাতকরণ প্রক্রিয়া শুরু হচ্ছে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া আগামীকাল বিকেল ৩টায় শেরেবাংলানগর জাতীয় প্যারেড গ্রাউন্ডের অস্থ মেলায় প্রাথমিক ও মাধ্যমিক স্কুলের এই নতুন বই বিতরণ ও বাজারজাতকরণ কার্যক্রম আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন। ইতিমধ্যেই প্রাথমিক স্তরের পাঠ্যবই সকল জেলার সংশ্লিষ্ট স্কুলগুলোতে পৌঁছাতে শুরু

৭-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

**স্কুলের পাঠ্যবই ৮-এর পৃষ্ঠার পর**

করেছে। জানুয়ারী মাসের মধ্যেই গ্রাম পর্যায়ে প্রতিটি প্রাইমারী স্কুলে বিনামূল্যের এই বিতরণ কার্যক্রম সম্পন্ন হবে। অপর দিকে মাধ্যমিক স্তরের সকল পাঠ্যবইও আগামীকাল থেকে ১৫ জানুয়ারীর মধ্যে তিন কিস্তিতে বাজারজাত করা হবে। আগামীকাল মাধ্যমিকের ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীর ইংরেজী ও গণিত বিষয় এবং নবম-দশম শ্রেণীর বীজগণিত, ত্র্যমিতি, ইংরেজী, বাংলা গদ্য ও কবিতা বিষয়ের পাঠ্যবই বাজারজাতকরণ করা হবে। দ্বিতীয় পর্যায়ে ৯ জানুয়ারী এবং সর্বশেষ পর্যায়ে ১৫ জানুয়ারীর মধ্যে অবশিষ্ট সকল পাঠ্যবই বাজারে চলে আসবে। তবে প্রাথমিক স্কুলের সব বই প্রকাশ ও সর্বত্র বিতরণ হতে আরো কদিন লাগবে। এবার মাধ্যমিক পর্যায়ের বইয়ের দাম থাকবে গতবারের চেয়ে তুলনামূলকভাবে কম এবং কাগজ হবে উন্নতমানের।